

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড
শাখা-১ (ফিল্ম)



২৪-০২-২০২২ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের নৈতিকতা কমিটির ৩য় প্রান্তিকের (জানুয়ারি-মার্চ/২০২২) সভার কার্যবিবরণী:

সভাপতি	মুহ: সাইফুল্লাহ ভাইস চেয়ারম্যান
সভার তারিখ	২৪-০২-২০২২
সভার সময়	দুপুর ১২:০০টা
স্থান	দাপ্তরিক সভাকক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট "ক"


২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের নৈতিকতা কমিটির ৩য় প্রান্তিকের (জানুয়ারি-মার্চ/২০২২) সভা ২৪-০২-২০২২ তারিখ দুপুর ১২:০০ টায় ভাইস চেয়ারম্যান জনাব মুহ. সাইফুল্লাহ-এর সভাপতিত্বে দপ্তরের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তা-কর্মচারীদের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেওয়া হলো।

সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা ক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
(১) নৈতিকতা কমিটির সভা এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	সভায় জানানো হয়, ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনা অনুযায়ী ১ম, ২য় ও ৩য় প্রান্তিকের ০৩টি সভা আয়োজন করা হয়েছে। পরবর্তীতে ৪র্থ প্রান্তিকের ০১টি সভা আয়োজন করতে হবে। সভায় নৈতিকতা কমিটির ১০০% সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়।	(১) নির্ধারিত সময়ে নৈতিকতা কমিটির সভা আয়োজন করতে হবে। (২) নৈতিকতা কমিটির ১০০% সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে।	চলচ্চিত্র পরিদর্শক-৩
(২) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা	কর্মপরিকল্পনা অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন নিয়ে আলোচনা হয়। সভায় জানানো হয়, উল্লিখিত বিষয়ে কর্মপরিকল্পনা অনুযায়ী প্রত্যেক প্রান্তিকে ০১টি করে মোট ০৪টি সভা আয়োজন করতে হবে। ইতোমধ্যে ০২টি সভা আয়োজন সম্পন্ন হয়েছে।	মার্চ/২০২২ মাসে ৩য় প্রান্তিকের সভা আয়োজন করতে হবে।	চলচ্চিত্র পরিদর্শক-৩

(৪) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল এবং স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল এবং স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয়, দপ্তরের চলতি অর্থবছরের কর্মপরিকল্পনা প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং দাপ্তরিক ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। এছাড়া ২য় প্রান্তিকের অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।	নির্ধারিত সময়ে প্রমাণকসহ ৩য় প্রান্তিকের ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করতে হবে এবং ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করতে হবে।	চলচ্চিত্র পরিদর্শক-৩ ও চলচ্চিত্র পরিদর্শক-৫
(৫) দাপ্তরিক আঞ্জিনায় স্থাপিত অভিযোগ বক্সে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি	সেবাগ্রহীতাদের নিকট থেকে দাপ্তরিক আঞ্জিনায় স্থাপিত অভিযোগ বক্সে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তির বিষয়ে আলোচনা করা হয়। সভায় জানানো হয়, প্রতি মাসে অনলাইন এবং অভিযোগ বক্সে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি করা হয় এবং এ সংক্রান্ত একটি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। সভায় জানানো হয়, সেবাগ্রহীতাদের নিকট থেকে কোনো অভিযোগ পাওয়া যায়নি।	সেবাগ্রহীতাদের নিকট থেকে প্রাপ্ত অভিযোগ দ্রুত এবং যথাযথভাবে নিষ্পত্তি করতে হবে।	চলচ্চিত্র পরিদর্শক-১
(৬) শুদ্ধাচার প্রতিষ্ঠা ও দুর্নীতি প্রতিরোধ বিষয়ে ফেস্টুন তৈরি এবং দৃশ্যমান স্থানে স্থাপন	শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমের অংশ হিসেবে সংশ্লিষ্ট বিষয়ের ওপর ফেস্টুন তৈরি করে দৃশ্যমান স্থানে স্থাপন নিয়ে সভায় আলোচনা হয়। ১ম ও ২য় প্রান্তিকে ১০টি করে মোট ২০টি ফেস্টুন তৈরি এবং দৃশ্যমান জায়গায় স্থাপন করা হয়েছে। ৩য় প্রান্তিকে আরো ১০টি ফেস্টুন তৈরি করে দাপ্তরিক আঞ্জিনা এবং আশেপাশের উপযুক্ত স্থানে ফেস্টুন স্থাপনের বিষয়ে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।	৩য় প্রান্তিকে ১০টি ফেস্টুন তৈরি করে দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে।	চলচ্চিত্র পরিদর্শক-৩

সভায় অন্য কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মুহ: সাইফুল্লাহ
ভাইস চেয়ারম্যান

স্মারক নম্বর: ১৫.৫৯.০০০০.০০৪.২৭.০০১.২১.৬৯

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৮

০৭ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

১) সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২) উপসচিব, প্রশাসন-১ শাখা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড

৪) ফিল্ম ইন্সপেক্টর-১, শাখা-১ (ফিল্ম), বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড

৫) ফিল্ম ইন্সপেক্টর-২, শাখা-১ (ফিল্ম), বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড

৬) ফিল্ম ইন্সপেক্টর-৩, শাখা-১ (ফিল্ম), বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড

৭) ফিল্ম ইন্সপেক্টর-৪, শাখা-৩ (ফিল্ম), বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড

৮) ফিল্ম ইন্সপেক্টর-৫, শাখা-৩ (ফিল্ম), বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড

৯) ফিল্ম ইন্সপেক্টর-৬, শাখা-৩ (ফিল্ম), বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড



মো. মমিনুল হক
উপ-পরিচালক